**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 04.09.2026** **Desk in Charge: K.L.**
**Time: 7-35 AM** **Edit. : Sudip Basu**
**DEO: KB** **Compile & NRT: Sudip B.**
**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ নিউ ফারাক্কা রেল স্টেশনের কাছে আপ লাইনে ধস নামায়, আজ'ও উত্তরবঙ্গগামী বেশ কিছু গুরুত্বপূর্ণ ট্রেন বাতিল। **#**যুদ্ধকালীন তৎপরতায় চলছে লাইন মেরামতের কাজ। **#**পরিস্থিতি মোকাবিলায় অতিরিক্ত বাস চালানোর আশ্বাস পরিবহণ মন্ত্রীর।

২/ বিভিন্ন জলাধার থেকে জল ছাড়ার জেরে দামোদরের জলস্তর দ্রুত বৃদ্ধি পাওয়ায় বিশেষ তৎপরতা নিচ্ছে রাজ্য সরকার। **#**নিম্ন অববাহিকার চার জেলাকে সতর্ক থাকার নির্দেশ।

৩/ রাজ্যের দেড় হাজারের বেশী খাবারের দোকানে অস্বাস্থ্যকর খাবার বিক্রি ও অনিয়ম ধরা পড়েছে বলে স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় জানিয়েছেন।

৪/ DA সমস্যা সমাধানে আগামী ১২'ই সেপ্টেম্বর, দিল্লিতে রাজ্য সরকারী কর্মচারীদের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বসছে সুপ্রিম কোর্ট গঠিত কমিটি।

৫/ শহরে ঐতিহ্যবাহী ট্রাম চালাতে পরিবহণ দপ্তর RITES-কে সমীক্ষার দায়িত্ব দিয়েছে।

৬/ নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজ্যেও যথাযথ মর্যাদায় জন্মাষ্টমী উৎসব পালিত হচ্ছে।

*************************************************************************

নিউ ফারাক্কা রেল স্টেশনের কাছে আপ লাইনে ধস নামায়, উত্তরবঙ্গগামী অধিকাংশ ট্রেন, বাতিল হয়েছে। গতকাল ভোর রাতে প্রবল বৃষ্টির জেরে এই ধসের ঘটনায়, রেল পথে কার্যত ব্যহত হয় উত্তরবঙ্গের সঙ্গে যোগাযোগ। ডাউন লাইনে কিছু ট্রেন চলাচল করলেও বাতিল হয়ে যায় দার্জিলিং মেল, গৌড় এক্সপ্রেস, কাঞ্চনকন্যা এক্সপ্রেস, শিয়ালদা নিউ জলপাইগুড়ি পদাতিক এক্সপ্রেস। ঘুরপথে চলেছে উত্তরবঙ্গ এক্সপ্রেস। ট্রেনটি কাটোয়া-আজিমগঞ্জ রুট ধরে ঘুরে যায়। দিল্লি-কামাখ্যা ব্রহ্মপুত্র মেলের রুটেও পরিবর্তন করা হয়। বেশ কিছু ট্রেনের যাত্রাপথ সংক্ষিপ্ত করা হয়েছে। রেলের তরফে রাতভর যুদ্ধকালীন তৎপরতায় কাজ চললেও, পরিস্থিতি এখনো স্বাভাবিক হয়নি বলে খবর। এর জেরে আজ বাতিল রয়েছে ‘বন্দে ভারত’, কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস, নবদ্বীপ ধাম- বালুরঘাট, হাওড়া-রাধিকাপুর কুলিক এক্সপ্রেস সহ গুরুত্বপূর্ণ বহু ট্রেন।

যাত্রী নিরাপত্তা ও সুরক্ষার কথা মাথায় রেখেই ট্রেন বাতিলের সিদ্ধান্ত বলে পূর্ব রেলের তরফে জানানো হয়েছে।

***************************

এদিকে, উত্তরবঙ্গে রেল যোগাযোগ ব্যবস্থা বিঘ্নিত হওয়ায়, চরম দুর্ভোগে পড়েছেন যাত্রীরা। উত্তরবঙ্গগামী বাসে টিকিট অপ্রতুল। কোথাও কোথাও চড়া দামে টিকিট বিক্রির অভিযোগ উঠেছে। ফ্লাইটের টিকিটের চাহিদাও আকাশছোঁয়া।

যাত্রীদের কিছুটা রেহাই দিতে বাসের সংখ্যা বাড়ানো হচ্ছে বলে রাজ্যের পরিবহণ মন্ত্রী অর্জুন সিং জানিয়েছেন।

***************************

মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে জল ছাড়ার জেরে দামোদরের জলস্তর দ্রুত বৃদ্ধি পাওয়ায় রাজ্য সরকার বিশেষ তৎপরতা নিচ্ছে। পরিস্থিতি খতিয়ে দেখতে ডিভিসির চেয়ারম্যানের সঙ্গে কথা বলেছেন মুখ্যসচিব মনোজ কুমার আগরওয়াল। একই সঙ্গে দামোদরের নিম্ন অববাহিকা এলাকার চার জেলাকে সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে। রাজ্যের অনুরোধে গতকাল মাইথন ও পাঞ্চেত জলাধারে জল ছাড়ার পরিমাণ

এক লক্ষ ১৯ হাজার ৮০০ কিউসেক থেকে কমিয়ে এক লক্ষ ৮ হাজার কিউসেক করা হয়। তবে ডিভিসির দুর্গাপুর ব্যারাজ থেকে জল ছাড়ার পরিমাণ বাড়িয়েছে সেচ দফতর। এর ফলে দামোদরের নিম্ন অববাহিকার নিচু এলাকাগুলিতে জলস্তর আরও বাড়তে পারে। সেই কারণে জেলা প্রশাসনকে আগাম প্রস্তুতি গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে।

হুগলী জেলার বন্যাপ্রবণ আরামবাগ, খানাকুল, পুরশুড়া, গোঘাট, জাঙ্গিপাড়ায় প্রশাসনের তরফে এমার্জেন্সি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে।

এদিকে, দুর্গাপুর ব্যারাজ থেকে জল ছাড়ার ফল বাঁকুড়ার দামোদর পাশ্ববর্তী এলাকাগুলিতে প্লাবন পরিস্থিতি দেখা দিয়েছে। চরম দুর্ভোগে বড়িশাল পাড়া, বড় মানা, লালবাবাজী চর এলাকার মানুষ।

***************************

সক্রিয় মৌসুমি অক্ষরেখা এবং ঘূর্ণাবর্তের কারণে আগামী বুধবার পর্যন্ত রাজ্যে বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস। আজ দক্ষিণবঙ্গের পূর্ব বর্ধমান বীরভূম মুর্শিদাবাদ নদিয়া এবং উত্তর ২৪ পরগণা জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে। কলকাতা ও তার আশপাশের এলাকাতেও আকাশ মেঘলা থাকার এবং দু'এক পশলা বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এদিকে, উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি আলিপুরদুয়ার জেলায় রয়েছে ভারী বৃষ্টির সতর্কতা। অন্যান্য জেলাতেও বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

***************************

রাজ্যের দেড় হাজারের বেশি খাবারের দোকানে অস্বাস্থ্যকর খাবার বিক্রি ও অনিয়ম ধরা পড়েছে। স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় জানিয়েছেন, খাদ্য সুরক্ষা অভিযানের অঙ্গ হিসেবে ১ হাজার ৭৩০টি খাবারের দোকান বা খাদ্য প্রস্তুতকারক প্রতিষ্ঠানে খাবারের মান পরীক্ষা করা হয়। তার মধ্যে অন্তত ১ হাজার ৫২৫টি-তে অনিয়ম ধরা পড়েছে।

( বাইট- শারদ্বত )

পাঁচটি রেস্তোরাঁর লাইসেন্স সাসপেন্ড করা হয়েছে বলে তিনি জানান। বন্ধ করে দেওয়া হয়েছে ১৩টি ফুড প্রসেসিং ইউনিট। পাশাপাশি ৬টি জলের কারখানা বন্ধেরও নির্দেশ দেওয়া হয়েছে।

***************************

দীর্ঘ প্রায় ১৫ বছর পর আজ রাজ্য পর্যটন দপ্তরের নতুন লোগো প্রকাশিত হতে চলেছে। পর্যটন মন্ত্রী শঙ্কর ঘোষ জানিয়েছেন, কলকাতার ধনধান্য অডিটোরিয়ামে এক অনুষ্ঠানে এই নতুন লোগোর উদ্বোধন করবেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। পাশাপাশি পর্যটন দপ্তরের ওয়েব সাইট, রিং টোন এবং ড্রেস কোডও চালু হতে চলেছে বলেও শ্রী ঘোষ জানান।

( বাইট- শঙ্কর )

***************************

ডিএ সমস্যার সমাধানে ফের বৈঠকে বসতে চলেছে রাজ্য। রাজ্যের অর্থ দপ্তরের থেকে চিঠি দিয়ে রাজ্য সরকারি কর্মচারীদের সব সংগঠন ও তাদের আইনজীবীদের বিষয়টি জানানো হয়েছে। সুপ্রিমকোর্ট গঠিত প্রাক্তন বিচারপতি ইন্দু মালহোত্রার নেতৃত্বাধীন কমিটির সঙ্গে রাজ্য সরকারি কর্মচারীদের প্রতিনিধি ও আইনজীবীদের বৈঠক বসবে নতুন দিল্লিতে। আগামী ১২ই সেপ্টেম্বর বিকেল পাঁচটার সময় এই বৈঠক হওয়ার কথা। কেন্দ্রের সলিসিটর জেনারেল তুষার মেহেতা আদালতে জানিয়েছিলেন এখন পর্যন্ত ৭ হাজার কোটি টাকা কর্মচারীদের বকেয়া মহার্ঘভাতা হিসাবে মেটানো হয়েছে।

কিন্তু আরো একাধিক বিষয়ের সমাধান করতে বিচারপতি ইন্দু মালহোত্রা কমিটির সঙ্গে কর্মচারীদের প্রতিনিধি ও আইনজীবীদের বসে আলোচনা করতে নির্দেশ দিয়েছিল বিচারপতি সঞ্জয় কারল ও বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রার বেঞ্চ।

***************************

RG KAR কাণ্ডে স্বাস্থ্য দপ্তরের তদন্ত কমিটি গতকাল প্রথম বৈঠকে বসে। বৈঠকের পর স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় জানান, ঐ হাসাপাতালের ছাত্রী ধর্ষণ ও খুনের ঘটনার প্রকৃত সত্য উদঘাটন করে দ্রুত ন্যায় বিচার দেওয়া হবে।

উল্লেখ্য, স্বাস্থ্যমন্ত্রী সম্প্রতি এই তদন্ত কমিটি গঠনের ঘোষণা করেন। অবসরপ্রাপ্ত বিচারপতি শুভ্রকমল মুখোপাধ্যায়ের নেতৃত্বে এই কমিটিতে রয়েছেন রাজ্যের প্রাক্তন স্বাস্থ্য-শিক্ষা অধিকর্তা দেবাশিস ভট্টাচার্য, ফরেনসিক বিশেষজ্ঞ তাপস বসু, জগদ্দলের বিজেপি বিধায়ক রাজেশ কুমার, উত্তরপাড়ার বিজেপি বিধায়ক দীপাঞ্জন চক্রবর্তী।

***************************

শহরে ঐতিহ্যবাহী ট্রাম চালাতে রাজ্যের পরিবহন দপ্তর বিশেষ উদ্যোগ নিয়েছে। পরিবহন মন্ত্রী অর্জুন সিং গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে একথা জানিয়ে বলেন, আধুনিক পদ্ধতিতে কীভাবে রাস্তায় ট্রাম চালানো যায় তার জন্য RITES একটি সমীক্ষা চালাবে। তবে, রাস্তার বাঁদিক ধরেই এই ট্রাম চালানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। বিগত সরকারের ভুল নীতি ও পরিকল্পনার অভাবে পরিবহন দপ্তরে অর্থনৈতিক সংকট তৈরি হয়েছে বলে তাঁর অভিযোগ। এই পরিপ্রেক্ষিতে PPP মডেলে ট্রাম চালানোর পরিকল্পনা রয়েছে বলে পরিবহন মন্ত্রী জানিয়েছেন।

( বাইট- অর্জুন সিং )

পাশাপাশি বাস যাত্রী অভিযোগ নিষ্পত্তিতে কয়েকটি হেল্পলাইন নম্বর চালু করা হচ্ছে বলেও জানিয়েছেন পরিবহণ মন্ত্রী। ২৪ ঘন্টা এই নম্বরগুলিতে অভিযোগ জানানো যাবে।

***************************

রাজ্যে, পরিকাঠামো বিহীন অন্ততঃ সাড় চারশ' বি-এড কলেজকে 'কারণ দর্শানো'র নোটিশ পাঠিয়েছে উচ্চ শিক্ষা দপ্তর। ২১ দিনের মধ্যে তাদের জবাব দিতে বলা হয়েছে। গতকাল সাংবাদিক বৈঠকে উচ্চশিক্ষা মন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় একথা জানিয়েছেন। তিনি বলেন, একমাত্র যে কলেজগুলিতে পরিকাঠামোগত কোনো সমস্যা নেই, তারাই

ভর্তি প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন। বি এড কলেজগুলিতে শিক্ষা ব্যবস্থার নামে ডিগ্রি বিক্রির চক্র চলছে বলে উচ্চ শিক্ষা মন্ত্রীর অভিযোগ।

( বাইট- জগন্নাথ/ বি এড )

***************************

নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে এরাজ্যেও জন্মাষ্টমী উৎসব পালিত হচ্ছে। সকাল থেকেই বিভিন্ন মন্দিরে পুজো দিতে ভিড় জমিয়েছেন মানুষ। পাশাপাশি ইস্কন কলকাতা, বাগবাজার গৌড়িয় মিশন, মায়াপুরে নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পালিত হচ্ছে। বেলুর মঠেও আয়োজন করা হয়েছে বিশেষ উৎসবের। রাজ্যের মন্ত্রী দুধকুমার মন্ডল গতকাল বাগবাজার গৌড়িয় মিশনে জন্মাষ্টমী উৎসবে যোগ দেন।

***************************

মহানায়ক উত্তমকুমারের জন্মশতবর্ষ উদযাপনের আজ দ্বিতীয় দিন। সকালে নিউটাউনে উত্তমকুমার ফিল্ম সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বিকেলে নন্দন- ১, ২ ও রাধা স্টুডিওতে শুরু হবে উত্তম চলচ্চিত্র উৎসব।

*********************************************************************